গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জন কার্যালয়,চাঁদপুর।
Email:chandpur@cs.dghs.gov.bd

স্মারক নং- সি,এস/চাঁদ/শা-প্রঃসঃ/নিয়োগ/২০২৫/ ১৫৩৬ তারিখঃ১৪/০৮/২০২৫খ্রিঃ।

# "পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-প্রশা-১/এডি/২সি-২২/৯৬-২১২৯ তারিখ ০৯/০৭/২০২৫খ্রিঃ মূলে পূর্বতন জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি করায় সিভিল সার্জন কার্যালয়, চাঁদপুর ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে রাজস্ব খাতের পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণির (১১-২০গ্রেড) নিম্নলিখিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দাগণের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে **http://cschandpur.teletalk.com.bd** ওয়েবসাইটে অনলাইন (Online) আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতিত সরাসরি কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যানবিদ | ০৫(পাঁচ) টি | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ গণিত/অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | শুধুমাত্র চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২(দুই) টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২০ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ২০ শব্দের গতি থাকতে হবে। | |
| ০৩ | ডাটা এন্ট্রি অপারেটর | ০১(এক) টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দ সহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ০৪ | স্বাস্থ্য সহকারী | ২০০(দুই শত) টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৫ | গাড়িচালক | ০২(দুই) টি | গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০/-) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ভারী যানবাহন চালনার হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলী :**

০১। আগ্রহী প্রার্থীগণ **http://cschandpur.teletalk.com.bd** ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক অনলাইন (Online) এ আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার স্মারক নং:-৪৫.০১.০০০০.১৪০.১১.০০৪.১৮-৮৫৭ তারিখ : ২৬/০৬/২০১৮খ্রিঃ এবং স্মারক নং :- ৪৫.০১.০০০০.১৪০.১১.০০৪.১৮-৯৮৪ তারিখ :- ১৬/০৭/২০১৮খ্রিঃ অনুযায়ী এবং স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঅধি/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫, তারিখ-০৮/১০/২০১৮খ্রিঃ মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি এবং সিভিল সার্জন কার্যালয়, চাঁদপুর এর স্মারক নং-সি,এস/চাঁদ/শা-২/২০২৪/৫০৪ তারিখ ২৭/০৩/২০২৪ইং মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যেসব প্রার্থী অনলাইনে ইতিপূর্বে বর্ণিত পদের জন্য আবেদন করেছেন **তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।** তাদের আবেদন সঠিক থাকলে গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গণনাযোগ্য হবে। তারা বর্তমানে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহন করতে পারবেন এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

০২। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত সর্বশেষ সংশোধনী অনুসরণ করা হবে। কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন আদেশ নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ তারিখ-২৩/০৭/২০২৪খ্রিঃ প্রতিপালিত হবে।

০৩। **আবেদনকারীর বয়স ১২/০৮/২০২৫ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮(আঠারো) এবং সর্বোচ্চ ৩২(বত্রিশ) বৎসর হতে হবে।** বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে।

০৪। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মরত প্রার্থীগণকে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনগ্রহণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র (NOC) এর মূল কপি বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।

চলমান পাতা-১

০৫। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা(Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র(NID) উল্লেখসহ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এর মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

০৬। স্বাস্থ্য সহকারী পদের (ক্রমিক নং-০৪) ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ডের যোগ্য প্রার্থীদেরকে বিবেচনা করা হবে।

০৭। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন,উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জন কার্যালয়, চাঁদপুর এবং সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং (http://www.cs.chandpur.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৮। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৯। প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের জন্য আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

১০। পরিসংখ্যানবিদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ডাটা এন্ট্রি অপারেটর ও গাড়ী চালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে নিয়োগ বিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

১১। **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়ামাবলী/শর্তাবলী ও সময়সীমা নিম্নরূপ :-**

**(ক) Online- এ আবেদন ফরম পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১২/০৮/২০২৫ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা হতে।**

**(খ) Online- এ আবেদনের শেষ তারিখ ও সময় ০১/০৯/২০২৫খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।**

(গ) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(ঘ) Online- আবেদনপত্রে প্রার্থী তার রঙীন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর ( দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60kb এর মধ্যে হতে হবে।

(ঙ) Online- আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন (Online) আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী শতভাগ নিশ্চিত হবেন।

১২। **SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ-**

Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID,ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং পরবর্তীতে User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ গ্রেড ১৩ হতে ১৬ পর্যন্ত পদের জন্য ১০০/-(একশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনের আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online–এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS :-

CSCHANDPUR< space > User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example:- CSCHANDPUR ABCDEF & Send to 16222**

Reply sms: Applicant's name……….. Tk.112/- will be charged as application fee. Your PIN is xxxxxxxx. To

pay fee type CSCHANDPUR < space> YES< space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS :-

CSCHANDPUR< space > YES< space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে

**Example:- CSCHANDPUR YES XXXXXXXX & Send to 16222**

Reply sms: Congratulations Applicant's Name, Payment completed successfully for CSCHANDPUR……

Application for xxxxxxxxx User ID is (ABCDEF) and Password ( XXXXXXXXX).

১৩। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cschandpur.teletalk.com.bd অথবা http://www.cs.chandpur.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে। অনলাইন (Online)

আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, এসএমএস(SMS) পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

১৪। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

১৫। শুধু টেলিটক (Teletalk) প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে :-CSCHANDPUR<space>HELP<space>USER<space> User ID and send to 16222।

**Example :-CSCHANDPUR HELP USER ABCDEF & send to 16222**

(খ) PIN Number জানা থাকলে :- CSCHANDPUR <space> HELP <space>PIN<space>PIN Number and send to 16222।

**Example :-CSCHANDPUR HELP PIN 12345678& send to 16222**

১৬। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সিভিল সার্জন কার্যালয়, চাঁদপুর ওয়েবসাইট http://www.cs.chandpur.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://www.cs.chandpur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৭। Online -এ আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে 121 নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd এর ফেসবুক পেইজে (http://www.facebook.com/alljobsteletalk) প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail/মেসেজ এর Subject -এ organization Name : CSCHANDPUR, Post Name, Applicant's User ID ও Contact number অবশ্যই উল্লেখ করতে হবে।

১৮। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সিভিল সার্জন কার্যালয়, চাঁদপুর এবং সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এর নোটিশ বোর্ডে এবং ওয়েব সাইটের মাধ্যমে জানা যাবে।

১৯। প্রাথমিকভাবে যাচাই-বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ সীলমোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

**২০। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে :**

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/অনুমতিপত্র/অভিজ্ঞতা সনদপত্র ইত্যাদি।

(খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত) নাগরিকত্ব সনদ।

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র।

(ঘ) প্রথম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনা পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারে সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমাণক। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনা পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী(উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) এতিম, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক জেলা কমান্ডেন্ট/জেলা আনসার এ্যাডজুটেন্ট কর্তৃক প্রদত্ত কমপক্ষে ২১ দিনের মৌলিক প্রশিক্ষণ সনদপত্র।

(ঞ) গাড়ি চালক পদের ক্ষেত্রে ভারী যানবাহন চালনার হালনাগাদ বৈধ ডিজিটাল ড্রাইভিং লাইসেন্স এর মূল কপি।

(ট) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার দক্ষতার প্রমাণ স্বরুপ সনদপত্র।

(ঠ) Download- কৃত Applicant's Copy এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি।

২১। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা (ডিএ) ও যাতায়াত ভাতা(টিএ) দেওয়া হবে না।

২২। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না ।

২৩। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জন কার্যালয়, চাঁদপুর এর নোটিশ বোর্ডে ও http://www.cs.chandpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com. bd/cschandpur ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

২৪। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপ টেস্ট করা হবে, ডোপ টেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২৫। **ডিক্লারেশন** : প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে। যে কোন তদবীর কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

**বিঃদ্রঃ শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।**

(ডাঃ মোহাম্মদ নুর আলম দীন)
সিভিল সার্জন, চাঁদপুর
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি

স্মারক নং- সি,এস/চাঁদ/শা-প্রঃসঃ/নিয়োগ/২০২৫/ ১৫৬৬/৫৫ তারিখঃ০৪/০৮/২০২৫খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষন: উপসচিব (প্রশাসন-১ শাখা)।
০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। (দৃঃ আঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।
০৩। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। উপসচিব. বিশ্বস্বাস্থ্য-১, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। জেলা প্রশাসক, চাঁদপুর। দৃষ্টি আকর্ষন :- অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)।
০৭। পুলিশ সুপার, চাঁদপুর।
০৮। উপ-পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, চট্টগ্রাম।
০৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বিটিসিএল, চাঁদপুর।
১০। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা অফিস/জেলা যুব উন্নয়ন অধিদপ্তর/জেলা সমাজ সেবা অধিদপ্তর, চাঁদপুর।
১১। জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, চাঁদপুর।
১২। জেলা তথ্য কর্মকর্তা, জেলা তথ্য অফিস, চাঁদপুর।
১৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ----------------------(সকল), চাঁদপুর।
১৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চাঁদপুর।
১৫। ------------------------------ - - - - --- - - - - - - - - - - - - ----------কর্মকর্তা, চাঁদপুর।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিটক লিঃ, রাজউক, কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং#৩/এ,৫/এ,৭/এ রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২।
১৭। সম্পাদক, . . . . . . . . . . . . . . . . . . . . . , জাতীয়/স্থানীয় দৈনিক পত্রিকা, চাঁদপুর।
১৮। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
১৯। অফিস নথি।

০৪.০৮.২৫

সিভিল সার্জন, চাঁদপুর
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি